অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/25/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকলের নির্মল পানি, নির্মল বায়ু, ও সবুজ কর্মসংস্থানের জন্য পরিবেশগত বন্ড আইন লিসেনিং ট্যুরের সমাপনী উদযাপন

স্টেটজুড়ে 1,000-এরও বেশি নিউ ইয়র্কবাসী সশরীরে এবং ভার্চুয়ালভাবে শিক্ষামূলক প্রেজেন্টেশনে উপস্থিত ছিলেন

বন্ড আইন বাস্তবায়নের ব্যাপারে মতামত প্রদান করার বাড়তি সুযোগ যেমন প্রকল্পের আইডিয়া জমা দেওয়া এবং অর্থায়নের নির্দেশনা সম্পর্কে মন্তব্য করার সুযোগ বিদ্যমান রয়েছে

গভর্নর ক্যাথি হোকল আজ 4.2 বিলিয়ন ডলারের নির্মল পানি, নির্মল বায়ু, ও সবুজ কর্মসংস্থানের জন্য পরিবেশগত বন্ড আইনের (Clean Water, Clean Air and Green Jobs Environmental Bond Act) জন্য 10টি স্থানে শিক্ষামূলক লিসেনিং ট্যুর সফলভাবে সমাপ্ত হওয়ার কথা ঘোষণা করেছেন এবং এই ঐতিহাসিক অর্থায়নের সুযোগ বাস্তবায়নের সাথে সম্পৃক্ত থাকা চালিয়ে যাওয়ার জন্য নিউ ইয়র্কবাসীদেরকে উৎসাহিত করেছেন। এই শিক্ষামূলক লিসেনিং ট্যুর বন্ড আইনের তহবিলগুলো পৌঁছে দেওয়ার ক্ষেত্রে একটি সহযোগিতামূলক ও স্বচ্ছ প্রক্রিয়ার জন্য স্টেটের অঙ্গীকারাবদ্ধতার একটি অংশ মাত্র। এসব সেশন জনসাধারণ এবং তহবিলের জন্য সম্ভাব্য আবেদনকারীদেরকে বন্ড আইন সম্পর্কে আরো তথ্য জানার এবং সম্ভাব্য প্রকল্পগুলো শনাক্ত করার জন্য প্রণয়ন হতে যাওয়া নির্দেশনাবলী নিয়ে আলোচনা শুরু করার সুযোগ করে দিয়েছে। সম্পৃক্ততার পরবর্তী পর্যায় ইতোমধ্যে চলমান রয়েছে, যেখানে কমিউনিটির স্বার্থ ও চাহিদা মূল্যায়নের জন্য প্রকল্পের আইডিয়াগুলো উপস্থাপন করা হচ্ছে, বিশেষ করে দূষণ ও জলবায়ু প্রভাবের কারণে সবচেয়ে বেশি ঝুঁকিপূর্ণ অবস্থায় থাকা কমিউনিটিগুলোর জন্য, এবং তহবিল বন্টনের জন্য বিদ্যমান ও নতুন কর্মসূচিগুলোর জন্য নির্দেশনাবলী সম্পর্কে জনসাধারণের মন্তব্য জানানোর সুযোগ উন্মুক্ত রয়েছে।

"এক প্রজন্মে একবার আসার মতো এই অনুদানপ্রাপ্তির সুযোগ, যা আমাদের কমিউনিটিগুলোকে জলবায়ু পরিবর্তনের ফলে সৃষ্ট পরিবেশগত, অর্থনৈতিক, ও জন নিরাপত্তা সংক্রান্ত চ্যালেঞ্জগুলো থেকে সুরক্ষিত রাখতে এবং কমিউনিটিগুলোর রূপান্তর ঘটাতে সাহায্য করবে, সেটি সম্পর্কে আরো তথ্য জানতে আসা নিউ ইয়র্কবাসীদের আমি ধন্যবাদ জানাই," **বলেছেন গভর্নর হোকল।** "আমাদের স্টেট এই উদ্যোগটি সহযোগিতামূলক ও স্বচ্ছ থাকার বিষয়টি নিশ্চিত করতে অঙ্গীকারাবদ্ধ রয়েছে, যাতে আমরা আমাদের সরকারি ও

কমিউনিটিভিত্তিক অংশীদারদের জন্য এসব অপরিহার্য সংস্থান সফলভাবে পৌঁছে দেওয়ার জন্য কর্মসূচিগুলো তৈরি করতে পারি।"

এই শিক্ষামূলক লিসেনিং ট্যুরে আটটি সশরীরে উপস্থিত থাকার মতো এবং দুইটি ভার্চুয়াল লিসেনিং সেশনে বন্ড আইন কোন ধরনের প্রকল্পগুলোকে সহায়তা করতে পারে, প্রতিটি শ্রেণির জন্য লভ্য তহবিল, সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোকে সুযোগ-সুবিধা প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার দেওয়া সম্পর্কিত তথ্য, এবং বাস্তবায়ন প্রক্রিয়ার পরবর্তী ধাপ হিসেবে উপযুক্ততার নির্দেশনাবলী প্রণয়ন সম্পর্কে জানার সুযোগ প্রদান করার মাধ্যমে স্টেকহোল্ডারদেরকে এবং অন্য আগ্রহী নিউ ইয়র্কবাসীদেরকে সম্পৃক্ত করা হয়েছে।

স্থানীয় সরকার, পরিবেশগত ন্যায়বিচার এবং কমিউনিটির পক্ষে কাজ করার অন্যান্য সংস্থার প্রতিনিধিরা, অর্থনৈতিক উন্নয়ন বিষয়ক প্রতিনিধিরা, এবং বন্যা ও অন্যান্য জলবায়ু প্রভাবের দ্বারা ক্ষতিগ্রস্ত অধিবাসীরা 1,000-এরও বেশি উপস্থিত ব্যক্তিদের মধ্যে ছিলেন, যারা প্রেজেন্টেশনের সময় এবং প্রশ্ন ও উদ্বেগসমূহ শোনার সুযোগ দেওয়ার সময় কমিশনার এবং স্টেট সংস্থার অন্যান্য নেতৃবৃন্দের সঙ্গে যোগ দিয়েছিলেন। সেশনগুলোতে অংশগ্রহণকারী সংস্থাগুলোর মধ্যে ছিল পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation), পার্ক, চিত্তবিনোদন, ও ঐতিহাসিক স্থাপনা সংরক্ষণ অধিদপ্তর (Office of Parks, Recreation, and Historic Preservation), নিউ ইয়র্ক স্টেট জ্বালানি গবেষণা ও উন্নয়ন কর্তৃপক্ষ (New York State Energy Research and Development Authority), এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিস কর্পোরেশন (Environmental Facilities Corporation), অফিস অব জেনারেল সার্ভিসেস (Office of General Services), হাউজিং এন্ড কমিউনিটি রিনিউয়াল (Housing and Community Renewal)/শক্তিশালী বাড়ি ও কমিউনিটি (Resilient Homes and Communities), অ্যাডিরনড্যাক পার্ক এজেন্সি (Adirondack Park Agency), পরিবহন বিভাগ (Department of Transportation), কৃষি ও বাজার বিভাগ (Department of Agriculture and Markets), এবং স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক (State University of New York) এবং সিটি ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক (City University of New York) এবং আরো অন্যান্য সংস্থা।

এছাড়াও সব সম্ভাব্য আবেদনকারী এবং আগ্রহী স্টেকহোল্ডারদের কাছ থেকে সম্ভাব্য প্রকল্পের আইডিয়া সংগ্রহ করার জন্য স্টেট একটি ওয়েব-ভিত্তিক জরিপ - https://bit.ly/BondActSurvey - তৈরি করেছে। এখন পর্যন্ত কয়েক শতাধিক এন্ট্রি সংগৃহীত হয়েছে এবং জরিপটি কমপক্ষে 15 সেপ্টেম্বর 2023 তারিখ পর্যন্ত খোলা থাকবে। এই জরিপ কোনো আনুষ্ঠানিক তহবিলের আবেদন নয়, বরং কমিউনিটিগুলো বন্ড আইনের সংস্থানগুলোর মাধ্যমে কোন ধরনের প্রকল্পে সহায়তা চাইতে পারে সে সম্পর্কে মতামত সংগ্রহ করতে সাহায্য করার জন্য এটি মিউনিসিপ্যালিটি, কমিউনিটিভিত্তিক সংস্থাসমূহ, এবং অন্যান্য নিউ ইয়র্কবাসীকে সম্ভাব্য প্রকল্প এবং স্টেটের বিদ্যমান অর্থায়নের পদ্ধতি সম্পর্কে মতামত শেয়ার করার ব্যাপারে সাহায্য করছে।

গত শরতকালে ভোটারদের বিপুল সমর্থন নিয়ে অনুমোদিত হওয়া এই মাইলফলকস্বরূপ নির্মল পানি, নির্মল বায়ু, ও সবুজ কর্মসংস্থানের জন্য পরিবেশগত বন্ড আইন স্টেটের ইতিহাসে এবং 1996 সালের পর থেকে নিউ ইয়র্কে প্রথম বৃহত্তম পরিবেশগত বন্ড। এই বন্ড আইন পরিবেশগত ও কমিউনিটি প্রকল্পগুলোর জন্য 4.2 বিলিয়ন ডলার প্রদান করতে যাচ্ছে যা কর্মসংস্থান সৃষ্টিতেও সহায়তা করবে এবং নির্মল সবুজ স্কুল (Clean Green Schools) উদ্যোগে একটি উল্লেখযোগ্য

বিনিয়োগ করবে যেটি যথাযথ সংস্থান না পাওয়া 1,000 টিরও বেশি পাবলিক স্কুলকে সেবাদান করবে। পরিবেশগত নেতিবাচক প্রভাব এবং জলবায়ু পরিবর্তনের প্রভাবের দ্বারা ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীগুলোর বৈষম্যমূলকভাবে ক্ষতিগ্রস্ত হওয়ার বিষয়টিকে স্বীকৃতি দিয়ে, বন্ড আইনের 40 শতাংশ সুবিধা প্রদানের লক্ষ্য সামনে রেখে, সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোর জন্য 35 শতাংশ সুবিধা প্রদান করা হবে।

বিশেষ করে, পরিবেশ সংক্রান্ত বন্ড আইনটি অনুমোদিত করে:

- জলবায়ু পরিবর্তন প্রশমনের জন্য 1.5 বিলিয়ন মার্কিন ডলার
- পুনঃস্থাপন ও বন্যার ঝুঁকি হ্রাসের জন্য 1.1 বিলিয়ন মার্কিন ডলার
- পানির মান উন্নয়ন ও স্থিতিস্থাপকতা অবকাঠামোর জন্য 650 মিলিয়ন মার্কিন ডলার
- খোলা স্থানের ভূমি সংরক্ষণ ও বিনোদনের জন্য 650 মিলিয়ন মার্কিন ডলার; এবং
- এই আইনে সুনির্দিষ্টভাবে উল্লেখ করা হয়নি এমন অন্যান্য প্রকল্পের জন্য 300 মিলিয়ন ডলার বরাদ্দ রাখা হয়েছে।

স্টেট সংস্থা, স্থানীয় সরকার, কমিউনিটিভিত্তিক সংস্থাসমূহ এবং অন্য স্টেকহোল্ডাররা একাধিক বছর মেয়াদী একটি প্রক্রিয়ার মাধ্যমে বন্ড আইনের তহবিল অ্যাক্সেস করতে পারবে। বর্তমানে একটি আন্তঃএজেন্সি কর্মগোষ্ঠী স্টেটজুড়ে পরিবেশ সংক্রান্ত অর্থায়নের চাহিদা সনাক্ত করছে এবং বন্ড আইন বাস্তবায়নের জন্য কর্মসূচির লজিস্টিক তৈরি করছে। উপযুক্ততা সংক্রান্ত প্রস্তাবিত সব নির্দেশনাবলী জনসাধারণের মন্তব্যের জন্য প্রকাশ করা হয়েছে, যেমনটা শূন্য-নির্গমন সম্পন্ন স্কুল বাস ও অবকাঠামোর জন্য তহবিল হিসেবে কমপক্ষে 500 মিলিয়ন ডলার বরাদ্দ দেওয়ার নির্দেশনার জন্য লভ্য বর্তমান সুযোগের ক্ষেত্রে দেখা গেছে।

পানিসম্পদ অবকাঠামোর জন্য অর্থায়নের উপযুক্ততা সংক্রান্ত খসড়া নির্দেশনাবলীর ব্যাপারে জনসাধারণের মন্তব্য প্রদানের সময়কাল অতিক্রান্ত হওয়ার পর, গভর্নর হোকল এই গ্রীষ্মের শুরুতে বন্ড আইনের অর্থায়নের প্রথম রাউন্ড ঘোষণা করেছিলেন, যেখানে স্টেটের অন্যান্য পানিসম্পদ অবকাঠামোতে অর্থায়নের জন্য 200 মিলিয়ন ডলার যোগ করে মোট 425 মিলিয়ন ডলার বরাদ্দ করা হয়েছিল। জুলাই মাসে বন্যার দ্বারা বেশি ক্ষতিগ্রস্ত হওয়া আরো বেশি সংখ্যক কমিউনিটিকে আবেদন করার সুযোগ দেওয়ার জন্য দুই সপ্তাহ বর্ধিত করার পর এই মাসের শুরুতে আবেদনের সময়সীমা শেষ হয়েছে। আবেদনগুলো এখন পর্যালোচনা করা হচ্ছে, কিন্তু বন্ড আইনের অন্যান্য কর্মসূচি ও তহবিল প্রাপ্তির সুযোগের পাশাপাশি নিয়মিতভাবে প্রদান করা হয় এমন স্টেট ও ফেডারেল তহবিলের জন্য চলমান সুযোগগুলো লভ্য থাকবে।

বন্ড আইন সম্পর্কে আরো তথ্য জানতে আগ্রহী নিউ ইয়র্কবাসীরা 4.2 বিলিয়ন ডলারের মাইলফলকস্বরূপ এই উদ্যোগ সম্পর্কে সাধারণ তথ্য বন্ড আইনের ওয়েবসাইটে www.ny.gov/BondAct ঠিকানায় পেয়ে যাবেন। এছাড়াও এই সাইটে দুইটি ভার্চুয়াল মিটিংয়ের রেকর্ডিং, বন্ড আইনের উদ্দেশ্যসমূহের পরিপূরক ভূমিকা রাখে এবং বন্ড আইনের তহবিল কাজে লাগাতে সাহায্য করতে পারে এমন বিদ্যমান স্টেট ও ফেডারেল কর্মসূচিগুলো সম্পর্কে সাধারণ তথ্য, এবং প্রকল্পের আইডিয়া সংগ্রহের জন্য জরিপের লিংক এবং অন্যান্য তথ্য পাওয়া যাবে। এই সাইট অব্যাহতাভবে আপডেট হতে থাকবে এবং আগ্রহী ব্যক্তিরা আপডেট সংক্রান্ত

ইমেইল পাওয়ার জন্য BondAct@dec.ny.gov ঠিকানায় একটি মেইলিং লিস্টে যোগ দিতে পারেন।

নিউ ইয়র্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ বিভাগের কমিশনার বাসিল সেগোস বলেন, "এই লিসেনিং ট্যুর স্টেটজুড়ে কয়েক শতাধিক নিউ ইয়র্কবাসীর সঙ্গে সংযুক্ত হওয়ার এবং শুধু বন্ড আইনের সুনির্দিষ্ট চার্জ সম্পর্কে তাদেরকে অবহিত করারই নয়, বরং নিজেদের কমিউনিটিগুলোতে তারা কিভাবে বন্ড আইনের সংস্থানগুলো কাজে লাগানোর কথা ভাবছেন সে সম্পর্কে তাদের মতামত শোনারও একটি অসাধারণ সুযোগ ছিল। কয়েক প্রজন্ম ধরে আমাদের স্টেটকে উপকৃত করবে এমন স্থায়ী প্রকল্পগুলোতে সহায়তা করার জন্য বন্ড আইনের ভিত্তি স্থাপনের জন্য আমাদের কাজ করে যাওয়ার এই সময়ে আমি সব স্টেকহোল্ডারকে DEC এবং আমাদের অংশীদারদের সঙ্গে সম্পৃক্ততা অব্যাহত রাখতে উৎসাহিত করছি।"

নিউ ইয়র্ক স্টেট পার্কস (New York State Parks)-এর কমিশনার এরিক কুলেসেইড বলেন, "বন্ড আইন লিসেনিং ট্যুরটি নিউ ইয়র্ক জুড়ে স্থানীয় সরকার, কমিউনিটি অংশীদার এবং লোকজনের কাছ থেকে তাদের কমিউনিটির জন্য সবচেয়ে প্রয়োজনীয় পরিবেশগত প্রকল্পগুলোর ব্যাপারে তাদের মতামত শোনার জন্য একটি শিক্ষনীয় ট্যুর ছিল। অধিকতর স্বাস্থ্যকর একটি পরিবেশ তৈরি করা, পরিবেশগত ন্যায়বিচার এগিয়ে নেওয়া, জলবায়ু পরিবর্তন মোকাবেলা করা, ও ভবনের ঘরের বাইরে চিত্তবিনোদনের অ্যাক্সেস সম্প্রসারণ করার উদ্দেশ্যে প্রকল্পগুলো চালু করতে শুরু করার এই সময়ে আমরা এসব কথোপকথন চালিয়ে যাওয়ার প্রত্যাশা রাখি।"

নিউ ইয়র্ক স্টেটের জ্বালানি গবেষণা ও উন্নয়ন কর্তৃপক্ষের প্রেসিডেন্ট ও CEO ডোরিন এম. হ্যারিস বলেন, "নিউ ইয়র্ক স্টেট কিভাবে এই ঐতিহাসিক বন্ড আইনের তহবিল বিনিয়োগ করবে সে সিদ্ধান্ত গ্রহণের সময় সব নিউ ইয়র্কবাসীর আইডিয়া, মতামত ও অভিজ্ঞতা বিবেচনায় নেওয়া গুরুত্বপূর্ণ। এই শিক্ষামূলক লিসেনিং ট্যুর কমিউনিটিগুলো, বিশেষ করে যেসব কমিউনিটি ঐতিহাসিক কাল থেকে পিছিয়ে রয়েছে সেগুলো যাতে লভ্য তহবিল সম্পর্কে জানতে পারে এবং অধিবাসীদের ও ব্যবসা প্রতিষ্ঠানগুলোর জন্য অধিকতর নির্মল এবং অধিকতর স্বাস্থ্যকর একটি জীবনযাপনের উপায় নিশ্চিত করার জন্য আমরা কোন গুরত্বপূর্ণ প্রকল্পগুলো এগিয়ে নিতে চাইবো সে ব্যাপারে মতামত জানাতে পারে তার একটি উপায় প্রদান করেছে।"

নিউ ইয়র্ক স্টেটের এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিস কর্পোরেশনের প্রেসিডেন্ট ও CEO মরিন এ. কোলম্যান বলেন, "10 স্টপবিশিষ্ট এই ট্যুরে নিউ ইয়র্কবাসীদের সঙ্গে সম্পৃক্ত হওয়ার ফলে অতি গুরুত্বপূর্ণ মতামত জানা গেছে এবং স্টেটের বিশেষজ্ঞদের ও কমিউনিটিগুলোর মধ্যে বন্ড আইনের মাধ্যমে লভ্য উল্লেখযোগ্য তহবিলের ব্যাপারে অর্থপূর্ণ সংযোগ তৈরি হয়েছে। এই সহযোগিতামূলক প্রক্রিয়া ক্ষুদ্র, গ্রামীণ ও সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোকে পানিসম্পদ ও সিউয়ার অবকাঠামোর জন্য অর্থায়নের সুযোগগুলোর সঙ্গে সংযুক্ত করার জন্য EFC-এর কমিউনিটি সহায়তা টিমগুলোর প্রচার কার্যক্রমকে এগিয়ে নিয়েছে, এবং আমরা কমিউনিটিগুলোকে তাদের অতি গুরুত্বপূর্ণ প্রকল্পগুলো বাস্তবায়নের দায়িত্ব গ্রহণ করতে সাহায্য করতে আগ্রহী।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন